

“উন্নয়নের গণতন্ত্র,
শেখ হাসিনার মূলমন্ত্র”

ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

বিজ্ঞপ্তি

ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার পরিচালনা ব্যয় তথা এতদসংশ্লিষ্ট জিনিসপত্রের মূল্য বৃদ্ধি, পানির প্রকৃত উৎপাদন ব্যয়ের সাথে বিক্রয়মূল্যের সামঞ্জস্য বিধান ও বর্তমান মুদ্রাস্ফীতি সমন্বয় করার লক্ষ্যে আগামী ১লা সেপ্টেম্বর, ২০১৯ তারিখ থেকে আবাসিক ও বাণিজ্যিক সংযোগের প্রতি ১০০০ (এক হাজার) লিটার পানির মূল্য ৫% সমন্বয় করে যথাক্রমে ১১.০২ (এগারো দশমিক শূন্য দুই) টাকার স্থলে ১১.৫৭ (এগারো দশমিক পাঁচ সাত) টাকা এবং ৩৫.২৮ (পঁয়ত্রিশ দশমিক দুই আট) টাকার স্থলে ৩৭.০৪ (সাঁইত্রিশ দশমিক শূন্য চার) টাকায় নির্ধারণ করা হলো। এ সিদ্ধান্ত মিটারবিহীন হোল্ডিং, গভীর নলকূপ, নির্মাণাধীন ভবন ও ন্যূনতম বিলসহ সকল প্রকার (পানি ও পয়ঃ) অভিকরের ক্ষেত্রেও কার্যকর হবে। ওয়াসা আইন ১৯৯৬-এর ২৩ ধারা অনুযায়ী এই বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

আপনাদের সেবায় ঢাকা ওয়াসা

ওয়াসা-জঃ ৩ঃ- ৩৪১/১৯

ডিজি-৬৫২/১৯

প্রথম আলো
২২/০৭/১৯